

বিস্ফোরক পরিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের অক্টোবর/২০২০ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভা : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ  
সভার তারিখ ও সময় : ২৫/১০/২০২০ খ্রি: বেলা ১১:০০ ঘটিকা।  
সভার স্থান : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের সদস্য সচিব জনাব মনিরা ইয়াসমিন জানান, ২০২০-২০২১ অর্থবছরের এপিএ টিমের ১২টি সভা অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। অদ্য অনুষ্ঠিত সভাটি ৪র্থ সভা।

আলোচনা

- ১। সেপ্টেম্বর মাসের এপিএ টিমের সভার সিদ্ধান্ত অনুযায়ী  
(ক) অংশীজনদের সাথে মতবিনিময়/অবহিতকরণ সভা আয়োজন করা হয়নি যা অতি দ্রুত আয়োজন করা প্রয়োজন।
- ২। সদস্য সচিব সভাকে জানান যে, বিস্ফোরক, পেট্রোলিয়াম, গ্যাস সিলিন্ডার এবং গ্যাসাধার এর আমদানি, পরিবহন ও মজুদের লাইসেন্স মঞ্জুর এর ক্ষেত্রে লক্ষ্যমাত্রার ৩০.৫৯% অর্জিত হয়েছে এবং বেজা/এসইজেড অঞ্চল হতে কোনো আবেদন পাওয়া যায়নি।
- ৩। তিনি আরও জানান, ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ডিসেম্বর মাসের মধ্যে অংশীজনদের সাথে ০৩ টি মতবিনিময়/অবহিতকরণ সভার আয়োজনের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত

- (ক) শুদ্ধাচার ও উত্তম চর্চার বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;
- (খ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;
- (গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৫/১০/২০২০

(দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী)  
প্রধান বিস্ফোরক পরিদর্শক (অ. দা)।

ও

আহ্বায়ক/টিম লিডার, এপিএ টিম।  
বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।